

নাটক বন্ধ করা বেদনাদায়ক: তারিক আনাম

written by Chandradip News24 | November 5, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: সম্প্রতি ‘নিত্যপুরাণ’ নাটকের প্রদর্শনী মাঝপথে বন্ধ করে দেওয়ার ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন বর্ষীয়ান অভিনেতা তারিক আনাম খান। শনিবার (২ নভেম্বর) রাতে শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে এই ঘটনা ঘটে। মহাপরিচালক অধ্যাপক সৈয়দ জামিল আহমেদ দর্শকদের কাছে ক্ষমা চেয়ে নাটকটি বন্ধ করে দেন।

তারিক আনাম বলেন, “একটি দলের কেউ যদি কোনো দোষ করে থাকে, তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। তবে নাটক প্রদর্শনী বন্ধ করা ঠিক নয়; এটি কষ্টের।” তিনি উল্লেখ করেন, নাট্যদলের দায়িত্বশীলদের আরও সংযত আচরণ করা উচিত।

এদিকে, জামিল আহমেদ নিরাপত্তার কথা চিন্তা করে নাটক বন্ধ করতে বাধ্য হয়েছেন বলে জানান। তিনি বলেন, “দর্শকের নিরাপত্তার কথা বিবেচনা করে আমরা প্রদর্শনী বন্ধ করেছি।” বিক্ষোভের কারণ সম্পর্কে তিনি উল্লেখ করেন যে, বিক্ষোভকারীরা একটি বিশেষ নাট্যদলের প্রদর্শনীর বিরুদ্ধে আপত্তি জানিয়ে ছিলেন।

এভাবে নাটক প্রদর্শনী বন্ধ করা এবং শিল্পকলার পরিবেশ নিয়ে আলোচনা শুরু হয়েছে, যা সামাজিক মাধ্যমে নানা আলোচনার সৃষ্টি করেছে।